

► যোগ্যতাভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

১. শ্রেণিকক্ষে শিক্ষক এমন একজন মহান নেতা সম্পর্কে আলোচনা করেছেন যিনি দক্ষিণ আফ্রিকার ট্রান্সকাই শহরে জন্মগ্রহণ করেন এবং জনগণের মুক্তি ও সংগ্রামের জন্য আজীবন সংগ্রাম চালিয়েছেন। শিক্ষক কার সম্পর্কে বলছিলেন?

ক) মার্টিন লুথার কিং	খ) হুগো শাভেজ
গ) নেলসন ম্যাডেলা	ঘ) মহাত্মা গান্ধী
২. নেলসন ম্যাডেলা ট্রান্সকাইতে শৈশব কাটান। তিনি সেখানে নিচের কোন কাজটি করতেন?

ক) বৃক্ষরোপণ	খ) সেচ প্রদান
গ) গবাদি পশু পালন	ঘ) পড়াশোনা
৩. নেলসন ম্যাডেলা কৃষিকাজ ও গবাদি পশুপালন করে শৈশব অতিবাহিত করেন। কৈশোরে বিচারকার্য পর্যবেক্ষণ করতেন এবং এ কাজ করতে করতেই তিনি কী হওয়ার ইচ্ছা প্রকাশ করেন?

ক) আইনজীবী	খ) ডাক্তার	গ) প্রকৌশলী	ঘ) সমাজসেবক
------------	------------	-------------	-------------
৪. নেলসন ম্যাডেলা ইংরেজদের অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ জানান। এর জন্য তিনি দেশদ্রোহিতার দায়ে অভিযুক্ত হন এবং যাবজ্জীবন কারাদণ্ড হয়। কত বছর কারাভোগের পর তিনি মুক্তি পান?

ক) ২৩ বছর	খ) ২৫ বছর	গ) ২৭ বছর	ঘ) ২৯ বছর
-----------	-----------	-----------	-----------
৫. নেলসন ম্যাডেলা ক্ষুদ্র জাতিসত্তার মধ্যকার বিরোধ মীমাংসা করতেন। তিনি নিজের যোগ্যতা বিচারের জন্য কী হতে চাইলেন?

ক) শিক্ষক	খ) কৃষক	গ) আইনজীবী	ঘ) চিকিৎসক
-----------	---------	------------	------------
৬. নেলসন ম্যাডেলা ছিলেন নির্ধারিত নিপীড়িত মানুষের সংগ্রামী অগ্রপথিক। তুমি তাঁর জীবনী থেকে নিম্নের কোন শিক্ষাটি পাও?

ক) সংসারের চেয়ে কারাগার উত্তম	খ) ক্ষমতাই একমাত্র কাজক্ষিত বস্তু
গ) নিপীড়ন-শোষণের বিরুদ্ধে প্রতিবাদী হওয়া	ঘ) সময়ের কাজ অসময়ে করা

৭. ম্যাডেলা রাজনৈতিক ও সংগ্রামী নেতা হিসেবে আজীবন সংগ্রাম চালিয়েছেন। এর পেছনে তার উদ্দেশ্য কী ছিল?

ক) জনগণের মুক্তি ও স্বাধীনতা	খ) জনগণের সুখ
গ) জনগণের শিক্ষার বিকাশ	ঘ) নিজের সম্পদ বৃদ্ধি
৮. নেলসন ম্যাডেলা ১৯৯৪ সালে প্রেসিডেন্ট নির্বাচিত হন। তিনি কাদের অর্থনৈতিক ও সামাজিক মুক্তিকে জীবনের প্রধান লক্ষ্য মনে করতেন?

ক) শ্বেতদের	খ) নিগ্রোদের	গ) সকলের	ঘ) নিজের
-------------	--------------	----------	----------

► সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

৯. ম্যাডেলার পিতার নাম কী ছিল? [প্র.শি.স.প. ২০১৫; ২০১৬]

ক) নোসিকেনী	খ) বোসা
গ) হেনরী ম্যাডেল	ঘ) গাডলা হেনরী ম্যাডেলা
১০. নেলসন ম্যাডেলার কতজন বন্ধু একসাথে তৃকচ্ছেদের জন্য প্রস্তুত হয়েছিলেন?

ক) ২০ জন	খ) ২৫ জন	গ) ৩০ জন	ঘ) ৩৫ জন
----------	----------	----------	----------
১১. নেলসন ম্যাডেলা কোন দেশে জন্মগ্রহণ করেন?

ক) নাইজেরিয়ায়	খ) দক্ষিণ আফ্রিকায়
গ) জিম্বাবুয়েতে	ঘ) কেনিয়াতে
১২. কত খ্রিস্টাব্দে নেলসন ম্যাডেলার যাবজ্জীবন কারাদণ্ড হয়? [প্র.শি.স.প. ২০১৫]

ক) ১৯৩৬ খ্রিস্টাব্দে	খ) ১৯৫০ খ্রিস্টাব্দে
গ) ১৯৬০ খ্রিস্টাব্দে	ঘ) ১৯৬৪ খ্রিস্টাব্দে
১৩. নেলসন ম্যাডেলা কত খ্রিস্টাব্দে কারামুক্ত হন? [প্র.শি.স.প. ২০১৫]

ক) ১৯৯০ খ্রিস্টাব্দে	খ) ১৯৯১ খ্রিস্টাব্দে
গ) ১৯৯২ খ্রিস্টাব্দে	ঘ) ১৯৯৩ খ্রিস্টাব্দে
১৪. থেম্বু উপজাতি গোষ্ঠীতে নেলসনের বাবা কী দায়িত্ব পালন করতেন?

ক) গুপ্তচর	খ) প্রধান পরামর্শক
গ) বিচারপতি	ঘ) রাজা
১৫. নেলসন ম্যাডেলা দিনে কত ঘণ্টা কাজ করেন? [প্র.শি.স.প. ২০১৩, ২০১৫, ২০১৬]

ক) ৮ ঘণ্টা	খ) ১০ ঘণ্টা	গ) ১২ ঘণ্টা	ঘ) ১৪ ঘণ্টা
------------	-------------	-------------	-------------